



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

# হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুর

স্থাপিত : ১৮৮৫ইং, ইআইআইএন: ১০৩৪৯৬

টেলিফোন: ০২৩৩৪৪৮৭৩১৯, Email: [headmasterhasanalishool@gmail.com](mailto:headmasterhasanalishool@gmail.com), Website: [www.haghs.edu.bd/](http://www.haghs.edu.bd/)

স্মারক নং: ১১৩৯/২৪

তারিখ: ০৩/০৭/২০২৪খ্রি.

## নিলাম বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.৪৭.০০১.২৩-৫২৫ তারিখ ২৭/০৬/২০২৪খ্রি. মোতাবেক হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুর এর পুরাতন জরাজীর্ণ দ্বিতল (১০৪'-০" x ৪২'-৯") একাডেমিক পশ্চিম ভবন যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ভিত্তিতে নিলামে বিক্রয় পূর্বক অপসারণের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

কাজের নাম ও বিবরণ	কাজের অবস্থান	কার্য সম্পাদনের সময়সীমা
১০৪'-০" x ৪২'-৯" দ্বিতল একাডেমিক পশ্চিম ভবন	হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয় চাঁদপুর	৩০ দিন

- হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুর এর ক্যাম্পাসে বর্ণিত ভবন যে অবস্থায় আছে ঠিকাদার/ফার্মের মালিক তা সরেজমিনে দেখে লেটারহেড প্যাডে নিলাম দর উল্লেখ পূর্বক সিলগালা করে দরপত্র দাখিল করতে হবে।
- প্রত্যেক দরপত্র দাতা উদ্ধৃত দরের ১০% সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাডফট বা পে-অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক, হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুর এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- কৃতকার্য ঠিকাদার/ ফার্ম কর্তৃক দাখিলকৃত দর কনডেমনেশন কমিটি কর্তৃক গৃহীত ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হওয়ার পর ০৭ (সাত) দিনের মধ্যে অনুমোদিত দর/মূল্য যে কোন তপসীলভুক্ত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুরের বরাবর জমা দিতে হবে।
- দরপত্রের সঙ্গে দাখিলকৃত দর/মূল্যের ৭.৫% হারে ভ্যাট, ৩% হারে অগ্রিম আয়কর এবং সরকারি বিধি মোতাবেক অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) আলাদাভাবে ব্যাংক ড্রাফট বা পে অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক, হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুরের বরাবর জমা দিতে হবে।
- কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার/ফার্মকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ভবনটি ও যাবতীয় মালামাল অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
- বর্ণিত ভবন অপসারণের সময় বিদ্যালয়ের কোন স্থাপনা বা কোন জিনিসপত্রের ক্ষতি সাধন করা যাবে না। কোনরূপ ক্ষতি হলে ঠিকাদার/ফার্ম ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে। বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি লাইন আগেই বিচ্ছিন্ন করতে হবে। কোন প্রকার বিক্ষোভক ব্যবহার করা যাবে না।
- দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের আয়কর সনদ, ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ কিংবা বাতিল করতে পারবেন।
- নিলামে কৃতকার্য ঠিকাদার/ফার্ম নিলাম মূল্য সঠিক সময়ে জমা দিতে ব্যর্থ হলে জামানত স্বরূপ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ভবন ভাঙ্গার সময় যদি কোন ব্যক্তি আঘাতপ্রাপ্ত হন বা জীবন হানি ঘটে সে জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ কোন ভাবে দায়ী হবে না।
- দরপত্র বিক্রয়ে তারিখ ও সময়ঃ ০৯ জুলাই ২০২৪খ্রি. থেকে ১৫ জুলাই ২০২৪খ্রি.। প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা (সরকারি ছুটির দিন ব্যতীত)।
- দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়ঃ ১৬ জুলাই ২০২৪খ্রি. বেলা ১২.০০ ঘটিকা।
- দরপত্র খোলার স্থান: প্রধান শিক্ষকের কার্যালয়, হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুর। তারিখঃ ১৬ জুলাই ২০২৪খ্রি.। সময়ঃ বেলা ০১.০০ ঘটিকা। দরপত্র দাতাদের সান্থুখে (যদি কেউ উপস্থিত থাকেন)।
- সিডিউল বিক্রয় ও গ্রহণের স্থানঃ প্রধান শিক্ষকের কার্যালয়, হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুর।
- সিডিউল মূল্য: ১০০০/- (এক হাজার) টাকা অফেরতযোগ্য।

৫৬.৫২/৩৬/০৭/২০২৪  
(মোঃ দেলোয়ার হোসেন)

প্রধান শিক্ষক

হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুর।

ও

সদস্য সচিব, কনডেমনেশন কমিটি  
পুরাতন জরাজীর্ণ দ্বিতল একাডেমিক পশ্চিম ভবন